# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন /
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen / 이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
Перевод документа на русский язык / یہ دستاویز اردو میں ملاحظہ کریں

schools.nyc.gov/messagesforfamilies

**30 অগাস্ট, 2021-এর সপ্তাহ**

## বিষয়সূচি:


- ব্যাক-টু-স্কুল ফ্যামিলি ফোরামসমূহ
- হালনাগাদকৃত স্বাস্থ্য ও সুরক্ষার নির্দেশনা
- উপস্থিতি এবং গ্রেড প্রদান
- পরিবহন
- আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন
- টিকাদান বা ভ্যাকসিনেশন সংক্রান্ত স্মারক
- সামাজিক খাদ্য-সহায়তার (কমিউনিটি মিল সার্ভিসের) সর্বশেষ দিন


## ব্যাক-টু-স্কুল ফ্যামিলি ফোরামসমূহ

2021–2022 শিক্ষা বছরের প্রথম দিনের জন্য আমাদের প্রস্তুতি সম্পর্কে জানতে ভার্চুয়াল ব্যাক-টু-স্কুল ফ্যামিলি ফোরামে অংশগ্রহণ করতে আপনি আমন্ত্রিত! ফোরামে, আপনি সরাসরি চ্যান্সেলর মি্শা পোর্টার (Meisha Porter) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন থেকে একজন গণস্বাস্থ্য বিশেষজ্ঞের বক্তব্য শুনতে পাবেন। অতিরিক্তভাবে, এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট স্কুল নিরাপদে পুনরায় খোলার জন্য DOE-এর নিয়ম-নিতি পর্যালোচনা করবেন, এবং এরপর একটি সরাসরি প্রশ্ন-উত্তর পর্ব অনুষ্ঠিত হবে।

আপনি learndoe.org/face -সাইটে ফোরামগুলোতে সাইন আপ করতে পারবেন এবং আপনি অনুষ্ঠানগুলোর যেকোনোটিতে অংশগ্রহণের জন্য স্বাগত। যদি আপনি একটি অধিবেশন বা সেশনে অংশগ্রহণ করতে না পারেন, আপনার পছন্দানুযায়ী অন্য একটিতে বিনা দ্বিধায় যোগ দিতে পারেন অথবা পরবর্তী এক সময় একটি ফোরাম learndoe.org/face/recording -সাইটে দেখতে পারেন। প্রতিটি বরোতে সর্বাধিক ব্যবহৃত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে। সবগুলো অধিবেশন বা সেশনে আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL) লভ্য থাকবে।

- 1 **সেপ্টেম্বর:** ব্রুকলিন, 6:00–7:30 p.m. (স্প্যানিশ, ম্যান্ডারিন, আরবি)
- 1 **সেপ্টেম্বর:** কুইন্স, 8:00–9:30 p.m. (স্প্যানিশ, ম্যান্ডারিন, বাংলা)
- 2 **সেপ্টেম্বর:** ব্রংক্স, 6:00–7:30 p.m. (স্প্যানিশ, ফ্রেঞ্চ, আরবি)
- 2 **সেপ্টেম্বর:** স্ট্যাটেন আইল্যান্ড, 8:00–9:30 p.m. (স্প্যানিশ, ম্যান্ডারিন, রাশিয়ান)
- 9 **সেপ্টেম্বর:** ম্যানহাটান, 8:00–9:30 p.m. (স্প্যানিশ, ম্যান্ডারিন, ক্যান্টোনিজ)

# হালনাগাদকৃত স্বাস্থ্য ও সুরক্ষার নির্দেশনা

আপনি যখন স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুতি গ্রহণ করছেন, আমরা আশা করছি যে আপনি 2021-22 শিক্ষা বছরের জন্য DOE-এর ওয়েবসাইটটি: schools.nyc.gov/homecoming সর্বপ্রথম দেখে নেবেন। সেখানে আপনি এই শিক্ষা বছর শিক্ষার্থী ও স্টাফদের সুস্থ ও নিরাপদ রাখতে আমরা কীভাবে কাজ করছি সেবিষয়ে সর্বসাম্প্রতিক তথ্য পাবেন।

অতিরিক্তভাবে, মেয়র বিল ডি ব্লাসিও এবং চ্যান্সেলর পোর্টার **DOE হোমকামিং 2021 স্বাস্থ্য ও সুরক্ষার গাইড** প্রকাশ করেছেন। এই গাইডটিতে টিকা বা ভ্যাকসিনেশন, স্বাস্থ্য যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং), কোয়ারেন্টাইনের নিয়মাবলী, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। এটি আমাদের ওয়েবসাইটে বহুবিধ ভাষায় পাওয়া যাবে।

# উপস্থিতি এবং গ্রেড প্রদান

## উপস্থিতি

সফলভাবে শিক্ষা অর্জনে নিয়মিত স্কুলে উপস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। 2021-22 শিক্ষা বছরের উপস্থিতির নিয়ম-নিতি নিচে দেয়া হলো:

**সশরীর উপস্থিতি:** "উপস্থিত" হিসেবে গণ্য হতে হলে, আপনার সন্তানকে স্কুল দিবসে ক্লাসরুমে অথবা স্কুলের শিক্ষা পরিবেশে সশরীরে ন্যূনতম একটি শিক্ষা-নির্দেশনার পিরিয়ডে অংশগ্রহণ করতে হবে।

**দূর থেকে (রিমোট):** যখন শিক্ষার্থীদের আবশ্যকভাবে দূর থেকে (রিমোট) অংশগ্রহণ করতে হবে (যেমন, যখন তারা কোয়ারেন্টাইন করছে অথবা তাদের স্কুল ভবন আংশিক বা পুরোপুরি বন্ধ), তখন তাদের অবশ্যই সময়সূচিকৃত প্রোগ্রাম দিবসে যুগপৎ কিংবা অযুগপৎ শিক্ষা-নির্দেশনাইয় ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করতে হবে।

## গ্রেডিং

আপনার শিক্ষার্থী শিক্ষা অর্জনে কতটুকু অগ্রগতি সাধন করেছে সেবিষয়ে গ্রেড আপনাকে ও তাকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। 2021-22-এর গ্রেড প্রদান সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন, সেগুলি এখানে দেয়া হলো:

- স্কুলগুলো তাদের নিজস্ব গ্রেডের মাপকাঠি নির্ধারণ করবে—যেভাবে তারা বিশ্বব্যাপী মহামারীর আগে এবং আবার গত শিক্ষা বছরের শুরুতে করেছে। গ্রেড প্রদানের বিকল্পসমূহে রয়েছে 1–4 মাপকাঠি, বর্ণানুক্রমিক মাপকাঠি (A –F), এবং 100-পয়েন্ট মাপকাঠি। ব্যতিক্রমী পরিস্থিতিতে শিক্ষার্থীদের জন্য স্বতন্ত্রভাবে "course in progress (কোর্স অব্যাহত রয়েছে)" (NX) লভ্য রয়েছে।
- মিডল্ এবং হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতাগণ, গত বছরে গৃহীত নিতি অনুযায়ী যেকোনো পাসকৃত চূড়ান্ত গ্রেডের পরিবর্তে একটি "CR" কিংবা "P" গ্রেড বেছে নিতে পারবেন, যা কোর্স ক্রেডিট অর্জন করেছে কিংবা পাস করেছে তা উল্লেখ করে।
- গত শিক্ষা বছরে গৃহীত নিতি অব্যাহত রেখে, স্কুলগুলো গ্রেড প্রদানে কোনোভাবেই উপস্থিতি ব্যবহার করবে না। আপনার শিক্ষার্থীর গ্রেড মূলত তার শিক্ষায়তনিক অগ্রগতির উপর নির্ভর করবে।

# পরিবহন

শিক্ষার্থীদের পরিবহনকারী স্কুল বাসসমূহ সেন্টারস্ ফর ডিজিজ্ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) এবং নিউ ইয়র্ক স্টেট-এর নির্দেশনা অনুসরণ করবে। বাসসমূহ নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করবে:

- যখন বাস্তবসম্মত এবং অনুকূল আবহাওয়া লভ্য, তখন বাস চলাকালে জানালা খোলা থাকবে এবং অভ্যন্তরে বায়ু প্রবাহের প্রক্রিয়া অ-ঘূর্ণ পদ্ধতিতে চলবে; অনুগ্রহ করে আপনার সন্তানের সেই অনুযায়ী পোশাক পরিধান নিশ্চিত করুন।
- টিকাদান বা ভ্যাকসিনেশন স্ট্যাটাস যাই হোক না কেন স্কুল বাসের অভ্যন্তরে সকলকে অবশ্যই মাস্ক পরতে হবে, যদি না মাস্ক পরিধানের বাধ্যবাধকতা থেকে কারো চিকিৎসাগত কারণে ছাড়ের অনুমোদন থাকে।
- শিক্ষার্থীদের যখন সম্ভব পারস্পরিক দূরত্ব বজায় রাখা উচিত।

## আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন

স্কুল বন্ধ এবং আপনার ডিস্ট্রিক্ট ও সিটিব্যাপী অনুষ্ঠিতব্য কার্যক্রম সহ, DOE থেকে সর্বসাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলো সম্পর্কে অবগত থাকুন! একটি **নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)** দিয়ে, আপনি আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করতে পারবেন, অনলাইনে গুরুত্বপূর্ণ স্কুল ফর্মসমূহ পূরণ করতে পারবেন, আপনার সন্তানের গ্রেড, সময়সূচি, পরীক্ষার ফলাফল, নির্ধারিত পরিবহন, উপস্থিতি, এবং আরও অনেক কিছু দেখতে পাবেন। শুধুমাত্র আপনার নাম ও যোগাযোগের তথ্য ব্যবহার করে, একটি অ্যাকাউন্টের জন্য আজই সাইন আপ করতে পারেন! আপনার সন্তানের স্কুলের রেকর্ডের সাথে একটি অ্যাকাউন্ট সংযোগ করতে, আপনার তথ্য নিশ্চিত করতে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

schools.nyc.gov/nycsa -সাইটে আরো জানুন

## টিকাদান বা ভ্যাকসিনেশন সংক্রান্ত স্মারক

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে টিকাদান বা ভ্যাকসিনেশন হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এবং 12 এবং অধিক বয়সী সকল নিউ ইয়র্কবাসী এই কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন গ্রহণের যোগ্য। যদি আপনার ন্যূনতম 12 বছর বয়সী কোনো সন্তান থেকে থাকে যে টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তাহলে ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন আপনাকে vaccinefinder.nyc.gov -সাইটে যত শীঘ্রই সম্ভব তার জন্য একটি টিকা বা ভ্যাকসিনের অ্যাপয়েন্টমেন্ট করতে উৎসাহিত করছে। DOE-এর টিকাদান বা ভ্যাকসিনেশন সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য, schools.nyc.gov/covid19 ভিজিট করুন।

## সামাজিক খাদ্য-সহায়তার (কমিউনিটি মিল সার্ভিসের) সর্বশেষ দিন

NYC স্কুলসমূহে সর্বশেষ সামাজিক খাদ্য-সহায়তা (কমিউনিটি মিল সার্ভিস) পরিবেশন করা হবে **শুক্রবার, 10 সেপ্টেম্বর**। **সোমবার, 13 সেপ্টেম্বর** থেকে শুরু করে, অনুগ্রহ করে আপনার স্থানীয় ফুড প্যান্ট্রি, সুপ কিচেন, গ্রিন মার্কেট পরিদর্শন করুন, অথবা আপনার নিকটবর্তী একটি অবস্থান খুঁজতে সহায়তা পেতে 311 নম্বরে ফোন করুন। বাড়তি তথ্য nyc.gov/getfood -সাইটে পাওয়া যাবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে শিক্ষা বছর চলাকালে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সকল NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের বিনামূল্যে ব্রেকফাস্ট, লাঞ্চ, ও আফটারস্কুল মিল অব্যাহতভাবে অফার করবে। আমরা আমাদের শিক্ষার্থীদের স্বাগত জানাতে এবং তাদের টাটকা ও পুষ্টিকর খাবার পরিবেশন করার প্রত্যাশায় আছি।